



ব্রিটিশ হাইকমিশনার ডেভিড কার্টার ব্র্যাক স্কুলের ছাত্রছাত্রীদের ব্রিটিশ প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত ছবি উপহার দিয়েছেন। ব্র্যাকের উপনির্বাহী পরিচালক ড. সালেহউদ্দিন আহমেদ এ সময় উপস্থিত ছিলেন।

ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের জন্য ব্রিটিশ প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত ছবি

ব্রিটিশ হাইকমিশনার ড. ডেভিড কার্টার মঙ্গলবার ধামরাইয়ের পশ্চিম কেলিয়া গ্রামে ব্র্যাক স্কুলের ছাত্রছাত্রীদের ব্রিটিশ প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত ছবি উপহার দিয়েছেন।

এ প্রসঙ্গে তিনি বলেন, গত জানুয়ারি মাসে ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরের সময় ব্র্যাক স্কুল পরিদর্শন ছিল সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা। ব্র্যাক স্কুলের ছাত্রছাত্রীদের সঙ্গে তোলা সুন্দর ফ্রেমে বাঁধা ছবিটিতে ছিল ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার ও মিসেস ব্লেয়ারের স্বাক্ষর। জানুয়ারি মাসের ৪ তারিখে তারা পশ্চিম কেলিয়া গ্রামে ব্র্যাক স্কুল পরিদর্শন করে ছাত্রছাত্রীদের পড়াশোনার নট-গান উপভোগ করেন।